“তোমাদের কেউ যেন তার অপর কোন ভাইয়ের প্রতি অস্ত্র উত্তোলন করে ইশারা না করে। কেননা সে জানে না, হয়ত শয়তান তার হাতে ধাক্কা দিয়ে বসবে, ফলে (এক মুসলিমকে হত্যার অপরাধে) সে জাহান্নামের গর্তে নিপতিত হবে।”

আবূ হুরায়রা রদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “তোমাদের কেউ যেন তার অপর কোন ভাইয়ের প্রতি অস্ত্র উত্তোলন করে ইশারা না করে। কেননা সে জানে না, হয়ত শয়তান তার হাতে ধাক্কা দিয়ে বসবে, ফলে (এক মুসলিমকে হত্যার অপরাধে) সে জাহান্নামের গর্তে নিপতিত হবে।” [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সতর্ক করেছেন যে, কোনো মুসলিম যেন তার মুসলিম ভাই এর দিকে কোনো ধরনের অস্ত্র দ্বারা ইশারা না করে। কারণ, সে জানে না যে শয়তান তাকে তার হাতে থাকা অস্ত্র নড়াচড়া করতে প্ররোচিত করতে পারে, ফলে সে তার ভাইকে হত্যা করতে পারে বা তার ক্ষতি করতে পারে। এতে সে এমন পাপে জড়িয়ে পড়বে যা তাকে জাহান্নামের গর্তে নিক্ষেপ করবে।

http://sunnah.global/hadeeth/bn/show/66246